

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৪৪১

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

আরবী

وَعَنْ أَبِي مُوسَى: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا خَافَ قَوْمًا قَالَ: «اللَّهُمَّ إِنَّا نَجْعُكَ فِي نُحُورِهِمْ وَنَعُوذُ بِكَ مِنْ شُرُورِهِمْ». رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ

বাংলা

২৪৪১-[২৬] আবু মুসা আল আশ্'আরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন দলের ব্যাপারে ভয় করতেন, তখন বলতেন, "আল্লা-হুম্মা ইন্ন- নাজ্'আলুকা ফী নুহুরিহিম ওয়ানা'উযুবিকা মিন্ শুরুরিহিম" (অর্থাৎ- হে আল্লাহ! আমরা তোমাকে তাদের মোকাবেলা করলাম [তুমিই তাদের প্রতিহত কর] এবং তাদের অনিষ্টতা হতে তোমার কাছে আশ্রয় নিলাম)। (আহমাদ ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ১৫৩৭, আহমাদ ১৯৭২০, মু'জামুল আওসাত ২৫৩১, মুসতাদারাক লিল হাকিম ২৬২৯, সুনানুল কুবরা লিল বায়হাকী ১০৩২৫, ইবনু হিব্বান ৪৭৬৫, আল কালিমুত্ব ত্বইয়িব ১২৫, সহীহ আল জামি' ৪৭০৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (كَانَ إِذَا خَافَ قَوْمًا) অর্থাৎ- কোন সম্প্রদায়ের অনিষ্টতা নিয়ে আশঙ্কা করতেন।

(اللَّهُمَّ إِنَّا نَجْعُكَ فِي نُحُورِهِمْ) অর্থাৎ- বৃকে সাহস ও শত্রুর মুকাবিলায় শক্তি সঞ্চয় করা। যাতে করে যুদ্ধের ময়দানে শত্রুকে সাহসের সাথে মুকাবিলা করতে পারে।

(وَنَعُوذُ بِكَ مِنْ شُرُورِهِمْ) অর্থাৎ- তাদের মুকাবিলায় বৃকে শক্তি দাও, আর শত্রুদের চক্রান্ত মুকাবিলা করার তাওফীক দাও। আমি আশ্রয় চাচ্ছি তাদের চক্রান্তের অনিষ্টতা থেকে।

অতএব অত্র হাদীসের দলীল রয়েছে যে, শত্রুর ভয়ে এ দু'আ পড়া শার'ঈভাবে প্রমাণিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57001>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন